

তারিখ ২০০২ ১১ ২৭  
পৃষ্ঠা ৯ - কলাম ২

## ডিআইইউর নতুন

### ক্যাম্পাস উদ্বোধন

দেশে দক্ষ তথ্য-প্রযুক্তিবিদ ও উদ্যোক্তা গড়ে তোলার উদ্যোগ নিয়ে বিজ্ঞান ও তথ্য-প্রযুক্তি সমন্বয়ে নতুন বিশ্ববিদ্যালয় হিসেবে ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির নতুন ক্যাম্পাসের আনুষ্ঠানিক যাত্রা শুরু হয়েছে। এ উপলক্ষে ইউনিভার্সিটির নতুন ক্যাম্পাসের (১০২ শুক্রবাদ, মিরপুর রোড, ঢাকা) উদ্বোধন অনুষ্ঠানের আয়োজন করা হয়। ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির

(ডিআইইউ) ভাইস চ্যান্সেলর প্রফেসর আমিনুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জাতীয় সংসদের স্পিকার ব্যারিস্টার মোহাম্মদ জমিরউদ্দিন সরকার, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ড. এম ওসমান ফারুক ও শিক্ষা প্রতিমন্ত্রী আ. ন. ম. এহসানুল হক মিলন। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন ডেফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির সম্মানিত চেয়ারম্যান মো. সবুর খান ও ইউনিভার্সিটির গভর্নিং বডির সদস্য ইঞ্জিনিয়ার মো. শাহরিন ইসলাম তুহিন। সংবাদ বিজ্ঞপ্তি।